

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
নির্বাচন সহায়তা-২ শাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪(অংশ)- ৩৮২

তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ
২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ-২০২২ এ বাড়িবাড়ি গিয়ে ভোটার নিবন্ধনের জন্য যাদের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন তাদের মধ্যে ০১/০১/২০০৭ বা তার পূর্বে যাদের জন্ম তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত ০২ জানুয়ারি ২০২৫ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক ভোটার তালিকা হালনাগাদ-২০২৪ এর সময়সূচি নিম্নরূপঃ

ক্রম	বিবরণ	নির্ধারিত সময়সূচি
১	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রস্তুত ও মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রস্তুতকৃত ভোটার তালিকার লিংক প্রেরণের শেষ তারিখ	২৬ ডিসেম্বর ২০২৪
২	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ	০২ জানুয়ারি ২০২৫
৩	দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ	১৭ জানুয়ারি ২০২৫
৪	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ	৩০ জানুয়ারি ২০২৫
৫	দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	০৯ ফেব্রুয়ারি ২০২৫
৬	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২ মার্চ ২০২৫

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

- ১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.....(সকল)
২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সকল)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার..... (সকল)

ও
রেজিস্ট্রেশন অফিসার।

নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪(অংশ)- ৩৮২

তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ
২৬ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
০৪। সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা। (হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রস্তুত ও মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রস্তুতকৃত ভোটার তালিকার লিংক প্রেরণের অনুরোধসহ)
০৫। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৬। পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
০৭। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার। (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮-১১। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ। (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

সিনিয়র সহকারী সচিব
(নিঃসঃ-২)